গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
পরিকল্পনা ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯/০৫/১৪৩৩ বঙ্গাব্দ

নং-১০.০০.০০০০.১১৭.১৪.২৭৪.২৬-৪০৮ তারিখ: ------------------------

২৪/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: 'জেলা লিগ্যাল এইড অফিসের ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণের জন্য স্থান নির্বাচন এবং স্থানিক নকশা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং বিচারপ্রার্থীদের স্বল্প সময়ে ও স্বল্প ব্যয়ে বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে আইনি সহায়তা প্রদানের লক্ষ্যে 'আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬' প্রণয়ন করেছে। বর্তমানে দেশের ৬৪টি জেলায় জেলা লিগ্যাল এইড অফিসের মাধ্যমে তৃণমূল পর্যায়ে এই সেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত সংশোধিত আইনের আওতায় ৯টি আইনের বিরোধের ক্ষেত্রে আদালতে মামলা দায়েরের পূর্বে লিগ্যাল এইড অফিসে মধ্যস্থতা বাধ্যতামূলক করায় অফিসের দায়িত্ব ও পরিধি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। জুলাই ২০১৫ হতে জুলাই ২০২৬ পর্যন্ত সময়ে ২,৫৮,৮৬৬টি বিরোধের মধ্যে ২,২৭,০১০টি বিরোধ এডিআর পদ্ধতিতে নিষ্পত্তি করা হয়েছে, যার মাধ্যমে উপকারভোগীদের প্রায় ৩৮০ কোটি টাকা আদায় করে দেওয়া সম্ভব হয়েছে। বর্তমানে প্রতিদিন প্রতিটি অফিসে গড়ে ১০০-১৫০ জন সেবাগ্রহীতা উপস্থিত হচ্ছেন। কার্যক্রমের এই ব্যাপকতা বিবেচনায় নিজস্ব অফিস ভবন প্রয়োজন। এ প্রেক্ষিতে, জেলা লিগ্যাল এইড অফিসসমূহের ক্রমবর্ধমান কার্যক্রম ও সেবাগ্রহীতাদের সংখ্যা বিবেচনায় ৬৪টি জেলায় নিজস্ব স্থায়ী ভবন নির্মাণ করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায় 'জেলা লিগ্যাল এইড অফিসের ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের ভবন নির্মাণের জন্য আদালত প্রাঙ্গনে ২০-২৪ শতাংশ স্থান নির্বাচন করে উক্ত স্থানের ডিজিটাল সার্ভে রিপোর্ট প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-০৮-২০২৬

(মোহাম্মদ মেহেদী হাসান)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৯৫৫৪০৩৪৭

**বিতরণ:**

০১। জেলা ও দায়রা জজ (সকল জেলা)। (২০-২৪ শতাংশ জায়গা না থাকলে কতটুকু জায়গা পাওয়া সম্ভব তা জানানোর অনুরোধসহ)।
০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সকল জেলা)। (নির্ধারিত স্থানের ডিজিটাল সার্ভে রিপোর্ট প্রস্তুতের অনুরোধসহ)।

**অনুলিপি:**

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃ:আ: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২, পূর্ত ভবন, ঢাকা]
০২। মহাপরিচালক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চীফ লিগ্যাল এইড অফিসার/জেলা লিগ্যাল এইড অফিসার (সকল জেলা)।
০৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।